



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ ৩৩৩২৩১০৫১৭৭১/কুমিল্লা-৩৫৫/২৮

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট ২০২৩

বিষয় : গভার্ণিং বডি ভেঞ্জে দেওয়া বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র : (১) নং বামাশিবো/প্রশা/৩২৮২২১০৫১৭৭১/৬৭৫৩৮/নথি নং -৩৩৫ তারিখ: ৩১-০৭-২০২২ খ্রি.
(২) স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/৩৩৩২৩১০৫১৭৭১/ কুমিল্লা-৩৫৫/০৬, তারিখ: ০২/০৫/২০২৩ খ্রি.
(৩) স্মারক নং: ০৫.৪২.১৯০৯.০০০.০৬.০০৬.২৩-৬৫৪, তারিখ: ২৬/০৬/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার বরুড়া উপজেলাধীন চালিতাতলী দারুচ্ছুনাহ আলিম মাদ্রাসার গভার্ণিং বডি সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। সভাপতি জনাব ইলিয়াছ মিয়র অশোভন আচরণের জন্য গভার্ণিং বডির ১১ জন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করেছেন মর্মে জনাব আবুল কাশেম মো: ফজলুল হক বোর্ডে একটি অভিযোগ করায় সূত্রোক্ত ২নং স্মারকে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা-কে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব ইলিয়াছ মিয়র অশোভন আচরণের জন্য গভার্ণিং বডির ১১ জন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করেছেন এবং বর্তমানে কমিটির কোন কার্যক্রম নেই মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঞ্জে দেওয়া হবেনা তার সন্তোষজনক জবাব ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮.০৮.২০২৩

(প্রফেসর মো: সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি

গভার্ণিং বডি, চালিতাতলী দারুচ্ছুনাহ আলিম মাদ্রাসা
পো: শিলমুড়ী, বরুড়া, কুমিল্লা।

২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

গভার্ণিং বডি, চালিতাতলী দারুচ্ছুনাহ আলিম মাদ্রাসা
পো: শিলমুড়ী, বরুড়া, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশা/ ৩৩৩২৩১০৫১৭৭১/কুমিল্লা-৩৫৫/ ২৮-(৮)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুমিল্লা;
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা;
৫. জনাব আবুল কাশেম মো: ফজলুল হক(অভিযোগকারী), পো: কেশনপাড়, উপজেলা: লালমাই, জেলা: কুমিল্লা;
৬. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, শাখা, বরুড়া, কুমিল্লা;
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২/০৮/২৩

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২/০৮/২৩